গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।
kumarkhali.kushtia.gov.bd

স্মারক নংঃ ০৫.৪৪.৫০৭১.০১৭.০০.০০১.১৯.১৪৬(৭০)

২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ------------------------।
০৭ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

হাট-বাজার ইজারার নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত হাট/বাজার প্রচলিত নীতিমালার আলোকে ১৪২৬ সনের ১ বৈশাখ হতে ১৪২৬ সনের ৩০ চৈত্র ১৪২৬ পর্যন্ত সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহর যুক্ত খামে দরপত্রের মাধ্যমে ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে । দরপত্রসমূহ নিম্নবর্ণিত তপশিল অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া , সহকারী কমিশনার(ভূমি), কুমারখালী, অফিসার-ইন-চার্জ,কুমারখালী থানা, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা , কুমারখালী ও নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে । জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া ,পুলিশ সুপারের কার্যালয়,কুষ্টিয়া এবং উপজেলা ভূমি অফিস, কুমারখালী এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাখিল করা যাবে । ইজারা প্রদানের ঘোষিত তপশিল অনুযায়ী যদি কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা না হয় তবে দ্বিতীয় , তৃতীয় অথবা পরবর্তী কর্মসূচী অনুযায়ী ইজারা প্রদানের যোগ্য তারিখ বলে বিবেচিত হবে। দরপত্র মূল্যায়ন কমিটি সর্বোচ্চ দর দাতার দর বিধি মোতাবেক সুপারিশ করবেন এবং বিধি মোতাবেক দরপত্র অনুমোদনের পর দখল হস্তান্তর করা হবে ।

হাট বাজারের তথ্য

ক্রমিক নং	হাটের নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	মন্তব্য
১	কালোয়া হাট	১১,১০২/-	৫০০.০০	
২	সখিপুর বাজার	৩১,০৯৫/-	৫০০.০০	
৩	হাসিমপুর বাজার	৪,১৮৬/-	৫০০.০০	
৪	চাঁপাইগাছি বাজার	১,৬৯৬/-	৫০০.০০	
৫	হুদা নন্দলালপুর হাট	৭,০৩৮/-	৫০০.০০	
৬	কালিগঙ্গা বাঁধ বাজার	৬,৯৫২/-	৫০০.০০	
৭	সাঁওতা নতুন হাট	১,২৭২/-	৫০০.০০	
৮	ভাঁড়রা হাট	১,১৩২/-	৫০০.০০	
৯	বাঁশগ্রাম তহবাজার	১,২৩,০৬০/-	১০০০.০০	
১০	বাঁশগ্রাম পশুহাট	৭,৬০,৩৭৫/-	২২০০.০০	
১১	মধুপুর হাট	২,৪১৫/-	৫০০.০০	
১২	খাল বাজার হাট	৩৭১/-	৫০০.০০	
১৩	কয়া হাট	১৮,৯৭৪/-	৫০০.০০	
১৪	নাতুরিয়া হাট	১,২৫৯/-	৫০০.০০	
১৫	শালঘর মধুয়া হাট	২,৫৯,৮৭৮/-	১২০০.০০	
১৬	যদুবয়রা হাট	১,৫২১/-	৫০০.০০	
১৭	জয়বাংলা হাট	৫,৩০৫/-	৫০০.০০	
১৮	এনায়েতপুর হাট	৫,০৮১/-	৫০০.০০	
১৯	চৌরঙ্গী হাট	৩,৪৬,২৬৮/-	১৪০০.০০	
২০	উত্তর চাঁদপুর হাট	৬৭০/-	৫০০.০০	
২১	দমদমা হাট	৬৩০/-	৫০০.০০	
২২	পান্টি হাট	৩,৮৪,৬৫৮/-	১৪০০.০০	
২৩	পান্টি বাজার	১,৯৩,৮০৫/-	১২০০.০০	

(২য় পাতা)

২৪	সান্দিয়ারা হাট	৯৪,৩৭৭/-	৫০০.০০	
২৫	কুশলীবাসা হাট	১,৪৮৪/-	৫০০.০০	
২৬	ধলনগর হাট	৭৩৮/-	৫০০.০০	
২৭	যদুবয়রা পশুহাট,জয়বাংলা বাজার	৬,৩৪,৬৬২/-	২০০০.০০	
২৮	ভালুকা পূর্বাশা পশুহাট	১,৩৯,৭৮৫/-	১০০০.০০	প্রতি সপ্তাহের রবিবার ব্যতীত যে কোন ১(এক) দিন

দরপত্র দাখিল সংক্রান্ত তফশীল

(প্রথম তফশিল)

বিবরণ	তারিখ	সময়
দরপত্র ক্রয়ের শেষ তারিখ	২৬/২/২০১৯	বিকাল ৫-০০ টা পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ	২৭/২/২০১৯	দুপুর ১-০০ টা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ	২৭/২/২০১৯	বিকাল ৩-০০ টা ।

(দ্বিতীয় তফশিল)

বিবরণ	তারিখ	সময়
দরপত্র ক্রয়ের শেষ তারিখ	১১/০৩/২০১৯	বিকাল ৫-০০ টা পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ	১২/০৩/২০১৯	দুপুর ১-০০ টা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ	১২/০৩/২০১৯	বিকাল ৩-০০ টা ।

(তৃতীয় তফশিল)

বিবরণ	তারিখ	সময়
দরপত্র ক্রয়ের শেষ তারিখ	২০/০৩/২০১৯	বিকাল ৫-০০ টা পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ	২১/০৩/২০১৯	দুপুর ১-০০ টা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ	২১/০৩/২০১৯	বিকাল ৩-০০ টা ।

(চতুর্থ তফশিল)

বিবরণ	তারিখ	সময়
দরপত্র ক্রয়ের শেষ তারিখ	০২/০৪/২০১৯	বিকাল ৫-০০ টা পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ	০৩/০৪/২০১৯	দুপুর ১-০০ টা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ	০৩/০৪/২০১৯	বিকাল ৩-০০ টা ।

১৪২৬ বাংলা সনের হাট বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪২৬ সনের ০১ বৈশাখ হতে ১৪২৬ সনের ৩০ চৈত্র ১(এক) বছর মেয়াদ কালের জন্য হাট/বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০%(একশত ভাগ), ১৫% (পনের ভাগ) মূল্য সংযোজন কর (ভ্যাট), ৫%(পাঁচ ভাগ) আয়কর এবং ৫%(পাঁচ ভাগ) জামানত হিসেবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফশিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে (দাখিলকৃত দরের ১০০% অর্থ ১টি পৃথক সিডি/ পে-অর্ডারের মাধ্যমে এবং ১৫%ভ্যাট, ৫%আয়কর, ৫%জামানতের অর্থ একত্রে অপর ১ টি সিডি / পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে যা সিডিউলে পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে)। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট/বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে । বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপণ করা হবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে ।

৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

৫। খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজরের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে । বিনা রশিদে টোল আদায় করা যাবে না । ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্হানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন ।

(৩য় পাতায়)

৭। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে । দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে । এছাড়া ক্রয়কৃত সিডিউলের মূল্য অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৮। ইজারাদার কোন ক্রমেই হাট/বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেনা। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে ।

৯। দরপত্র অনুমোদনের ৩(তিন)টি কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন ।

১২। ইজারাদারের নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন ।

১৩। কোন প্রকার ঘসা- মাজা কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবেনা ।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। দরদাতাকে দরপত্রের সাথে অবশ্যই দরপত্র দাতাকে আইডি কার্ডের ছায়ালিপি দাখিল করতে হবে।

১৮। ভালুকা পূর্বাশা পশুহাট ইজারাকালীন সময়ে প্রতি সপ্তাহের রবিবার ব্যতীত যে কোন ১(এক) দিন বসানো যাবে

১৯। বাশগ্রাম পশুহাট ইজারাকালীন সময়ে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার ও যদুবয়রা পশুহাট, জয়বাংলা বাজার ইজারাকালীন সময়ে প্রতিসপ্তাহে রবিবার ১(এক) দিন বহাল থাকবে ।

২০। সরকারী স্বার্থ রক্ষার্থে প্রয়োজনে কর্তৃপক্ষ নতুনভাবে যে কোন শর্তাবলী আরোপ করতে পারবে ।

০৭/০২/১৭

রাজীবুল ইসলাম খান
উপজেলা নির্বাহী অফিসার
কুমারখালী, কুষ্টিয়া
ফোন নং-০৭০২৫-৭৬৪০২
০৭/০২/১৭

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য /অবগতি ও কার্যার্থে(বহুল প্রচারের জন্য) প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া ।
২। পুলিশ সুপার, কুষ্টিয়া ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়া ।
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া ।
৫। মেয়র, কুমারখালী পৌরসভা ।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুমারখালী, কুষ্টিয়া ।
৭। ইন-চার্জ কুমারখালী থানা (তাঁকে দরপত্র দাখিলের দিনে ২ জন পুলিশফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো)।
৮। উপজেলা প্রকৌশলী/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/সাব-রেজিষ্টার/অফিসার-/পোষ্ট মাষ্টার/ কুমারখালী, কুষ্টিয়া ।
৯। চেয়ারম্যান কয়া/শিলাইদহ/জগন্নাথপুর/সদকী/নন্দলালপুর/চাপড়া/বাগুলাট/যদুবয়রা/পান্টি/চাঁদপুর/চরসাধীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া । বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের পাশাপাশি দরপত্র খোলার তারিখে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে হাট/বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কয়া/শিলাইদহ/জগন্নাথপুর/সদকী/নন্দলালপুর/চাপড়া/ বাগুলাট/যদুবয়রা/ পান্টি/ চাঁদপুর/ ইউনিয়ন ভূমি অফিস/পৌর ভূমি অফিস, কুমারখালী, কুষ্টিয়াকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১১। .সম্পাদক..................................পত্রিকা । তার বহুল প্রচারিত পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় ১(এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১২। জনাব...
১৩। এ কার্যালয়ের নোটিশ বোর্ড ।
১৪। অফিস কপি ।